কিছু কথা :—

( চাঁই ভাষার উচ্চারণ প্রসঙ্গে ) ।

চাঁই ভাষার নিজস্ব কোন বর্ণমালা বা লিপি নেই । অন্য ভাষার বর্ণমালায় এই ভাষা প্রকাশে কিছু অসুবিধা থাকা স্বাভাবিক । আমরা বাংলা ভাষায় এর রূপ দেবার চেষ্টা করেছি । বাংলা ভাষায় "য" ফলা আকারের উচ্চারণে একটা ঝোঁকের সৃষ্টি হয় । যেমন , — বন্যা, কন্যা, কল্যাণ, মিথ্যা ইত্যাদি । কিন্তু চাঁই ভাষায় এই উচ্চারণে প্রায় ক্ষেত্রে হাল্কা ভাবে "অ্যা —" এর মত উচ্চারিত হয় । যেমন, — অন্যাবুন, ভালায্যা, চুমাব্যা, আটাা, আম্যা, বান্যা, অহিন্যাহাঁ, খোদ্ম্যা ইত্যাদি । সুতরাং এই ভাষা উচ্চারণের সময় আমাদের এই বিষয়ে স্মরণ রাখতে হবে ।

— 0 —